*The Bangladesh Times*

তারিখ ... 2.5 JUL 1994 ..
পৃষ্ঠা 2 কলাম 4

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

শাঃ ১৩/১-৩৭( গবেষনা)/৯৪/৩৪৭-শিক্ষা,

তারিখ ঃ ১৭-৭-৯৪ ইং / ২-৪-১৪০১ বাং

# বিজ্ঞপ্তি

**বিষয়ঃ জাপান সরকার প্রদত্ত মনবুশো স্নাতকোত্তর বৃত্তি (১৯৯৫)**

১৯৯৫ শিক্ষাবর্ষে জাপান সরকারের মনবুশো বৃত্তির আওতায় স্নাতকোত্তর পর্যায়ে নিম্নলিখিত বিষয়ে/শাখায় অধ্যয়নের (গবেষণা) জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ-

(ক) কৃষি
(খ) ফিসারিজ
(গ) চিকিৎসা বিজ্ঞান (সার্জারী/ মেডিসিন)
(ঘ) ডেন্টিষ্ট
(ঙ) প্রকৌশল (সকল শাখা)
(চ) অর্থনীতি
(ছ) সমাজ বিজ্ঞান/সমাজ কল্যাণ
(জ) আইন
(ঝ) পদার্থবিদ্যা/ফলিত পদার্থ বিজ্ঞান/কম্পিউটার সাইন্স
(ঞ) রসায়ন/প্রাণ রসায়ন/ফার্মেসী
(ত) বাণিজ্য (সকল শাখা)

২। প্রার্থীদেরকে সকল পরীক্ষায় ১ম বিভাগসহ অসাধারণ কৃতিত্বের অধিকারী হতে হবে। চিকিৎসা বিজ্ঞান ও ডেন্টিষ্ট প্রার্থীদের এম বি বি এস/বি ডি এস পরীক্ষায় কমপক্ষে ৬০% নম্বর থাকতে হবে ও নিয়মিতভাবে পাশ করতে হবে।

৩। ১·৪·৯৫ ইং তারিখে প্রার্থির বয়স ৩৫ বৎসরের নীচে থাকতে হবে (অর্থাৎ যারা ২·৪·১৯৬০ ইং বা উহার পরে জন্ম গ্রহণ করেছেন)

৪। নির্বাচিত প্রার্থীদেরকে জাপানী ভাষার নির্ধারিত কোর্সে অংশগ্রহণ করতে হবে।

৫। ইচ্ছাকৃতভাবে মিথ্যা বিবরণ/তথ্য প্রদানকারীর বিরুদ্ধে দন্ডবিধি অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। সদ্য তোলা পাসপোর্ট মাপের ছবি, সকল পরীক্ষা পাশের মূল সার্টিফিকেট ও নম্বর পত্রের সত্যায়িত অনুলিপি সহ সাদা কাগজে ইংরেজীতে নিম্নোক্ত ছকে দুই সেট আবেদনপত্র (প্রতিটি কাগজ/ছবি/ছকে আবেদন ইত্যাদি ২ কপি করে) আগামী ৪-৮-৯৪ ইং তারিখের মধ্যে পৌঁছতে হবে।

৭। আবেদন পত্রের ছক নিম্নরুপ হবে ঃ-

**১৯৯৫ শিক্ষাবর্ষে জাপান সরকারের মনবুশো স্নাতকোত্তর বৃত্তির আবেদন**
**বিষয়/শাখার নাম**

(ক) নাম ঃ
(খ) পিতার নাম ঃ
(গ) বর্তমান ঠিকানা (টেলিগ্রাম অফিস ও টিলিফোন নম্বর সহ)
(ঘ) সকল পরীক্ষার ফলাফল ঃ-

| পরিক্ষার নাম | শাখা/বিষয় | পাশেরসন | প্রাপ্ত বিভাগ (শ্রেনী) | প্রাপ্ত মোট নম্বর | শতকরা হার |
|---|---|---|---|---|---|
| মাধ্যমিক | | | | | |
| উচ্চ মাধ্যমিক | | | | | |
| স্নাতক (বিবরণ দিতে হবে) | | | | | |
| স্নাতকোত্তর (বিবরণ দিতে হবে) | | | | | |
| অন্যান্য (বিবরণ দিতে হবে) | | | | | |

(ঙ) মাধ্যমিক থেকে স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় প্রাপ্ত গড় নম্বর (%) (উপরের শতকরা হার নম্বরের গড়)

(চ) প্রস্তাবিত অধ্যয়ন/গবেষণার বিষয় ঃ
(১)
(২)
(৩)

(জ) স্থায়ী ঠিকানা ঃ
(ঝ) জন্ম তারিখ এবং ১-৪-৯৫ ইং তারিখে বয়স
(ঞ) জাতীয়তা ঃ

প্রার্থীর পূর্ণ স্বাক্ষর ও তারিখ

৮। যে সকল প্রার্থী কোন পরীক্ষায় নম্বরের পরিবর্তে গ্রেড পেয়েছেন, তাদেরকে প্রাপ্ত গ্রেডকে নম্বরে রুপান্তর করে দিতে হবে এবং উহার স্বপক্ষে ভিন্ন কাগজে ক্যালকুলেশন দেখাতে হবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এতদসংক্রান্ত প্রত্যয়ন এর সত্যায়িত কপি দাখিল করতে হবে। নতুবা উহা বিবেচনায় আনা হবে না। এম বি বি এস ও বি ডি এস প্রার্থীদের প্রতি পার্ট পাশের সাল ও প্রাপ্ত নম্বর আলাদা কাগজে দেখাতে হবে এবং গড় নম্বর মূল আবেদনে উল্লেখ করতে হবে।

৯। আবেদনকারীগণকে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের ঠিকানায় ডাকযোগে অথবা বাংলাদেশ সচিবালয়ের ৫ নং গেইটে রক্ষিত ২ নং কাঠের বাক্সে দরখাস্ত দাখিল করতে হবে। দুই সেট আবেদনপত্র ভিন্নভাবে ষ্টাপলার করে জেমস ক্লীপ দ্বারা একত্রে একই খামে জমা দিতে হবে এবং আবেদনপত্রের খামের উপর "মনবুশো স্নাতকোত্তর বৃত্তি" এবং "শাখার/বিষয়ের নাম (যেমন কৃষি/পদার্থ বিদ্যা ইত্যাদি)" উল্লেখ করতে হবে।

১০। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

মোঃ আকরাম হোসেন
সহকারী সচিব (বৃত্তি)
শিক্ষা মন্ত্রণালয়, ভবন নং ৬, কক্ষ নং ১৭০৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ডিএফপি-২০৯-২০/৭ (৯১৩)

জিসি-৫৫৮৫